গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: dgfood.gov.bd

# বিজ্ঞপ্তি

এতদ্বারা ০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) জানানো যাচ্ছে যে, যেহেতু, আদালতের স্থিতাবস্থা থাকায় প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নতুন করে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার নিয়োগ করা সম্ভব নয় বিধায় সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়ের ০৪.১২.২০১৮ খ্রি. তারিখের ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪৩.১৭.১৮৯ নং স্মারকের আইনগত পরামর্শ এবং খাদ্য মন্ত্রণালয়ের ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.১১.০০২.২০.১১৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ৩০.০৮.২০২২ খ্রি. তারিখে নির্ধারিত বিদ্যমান দরের উপর ১৬.৯২% দর বৃদ্ধি করে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৩৮(৩) অনুযায়ী ০১.০৭.২০২৩ খ্রি. হতে আগামী ৩০.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারের সাথে Supplementary Contract সম্পাদনের জন্য অনুরোধ করা হয়েছে।

সেহেতু, সিপিটিইউ এর আইনগত পরামর্শ ও খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) ভবিষ্যত কার্য সম্পাদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ের ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৭.১১.০০২.২০.১১৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ৩০.০৮.২০২২ খ্রি. তারিখে নির্ধারিত বিদ্যমান দরের উপর ১৬.৯২% দর বৃদ্ধিকে অর্থাৎ বর্তমান কার্যদরকে ভিত্তি ধরে ঠিকাদারদের সাথে নিগোসিয়েশন করে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্তমানে কর্মরত আগ্রহী ঠিকাদারদের নিকট হতে ০১ নং হতে ১০ নং লটে ০১.০১.২০২৪ খ্রি. হতে ৩০.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত মেয়াদে খাদ্যশস্য ও অন্যান্য দ্রব্যাদি পরিবহণের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তসমূহঃ**

০১। ০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারগণ (সিআরটিসি) ০৮.১১.২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে বেলা ১২.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;

০২। পিপিআর এর বিধি-৭৬(১)(ক) ও বিধি ৩৮(১৩) অনুযায়ী বর্তমানে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) ৩০.০৮.২০২২ খ্রি. তারিখে নির্ধারিত বিদ্যমান দরের উপর ১৬.৯২% দর বৃদ্ধিকে অর্থাৎ বর্তমান কার্যদরকে ভিত্তি ধরে নিগোসিয়েশনের আলোকে চুক্তিকৃত দরে ভবিষ্যত কার্য সম্পাদিত হবে;

০৩। ০১.০৯.২০২২ খ্রি. হতে ৩১.০৮.২০২৩ খ্রি. পর্যন্ত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) অনুকূলে জারিকৃত কেন্দ্রীয় চলাচল সূচির নূন্যতম ৭৫% পরিবাহিত খাদ্যশস্য সন্তোষজনক পারফর্মেন্স হিসেবে বিবেচিত হবে;

০৪। ইতিপূর্বে মামলা মোকদ্দমায় দোষী সাব্যস্ত হয়েছে/মালামাল পরিবহণের ক্ষেত্রে খাদ্য বিভাগীয় তদন্তে দোষী সাব্যস্ত হয়েছে/ আর্থিকভাবে কার্য সম্পাদনে অযোগ্য প্রমাণিত হয়েছে, এরুপ আগ্রহী ঠিকাদার চুক্তি সম্পাদনে অযোগ্য হিসেবে বিবেচিত হবেন;

০৫। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত এবং ০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মরত কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারদের (সিআরটিসি) সাথে স্বাক্ষরিত চুক্তির শর্ত বলবৎ থাকবে;

০৬। আবেদনকারী ঠিকাদারকে তাঁর প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে এবং নিজ স্বাক্ষরে হালনাগাদ তথ্য উল্লেখপূর্বক আবেদন করতে হবে;

০৭। ঠিকাদারের পক্ষে এভিডেভিট বা প্রতিনিধিত্বমূলক কোন আবেদন গ্রহণযোগ্য হবে না;

০৮। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য করা হবে;

০৯। মূল্যায়ন কমিটি কর্তৃক দাখিলকৃত মূল্যায়ন প্রতিবেদন মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর সুপারিশ এবং খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনপূর্বক নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদান করা হবে;

১০। চুক্তি সম্পাদনের পূর্বে সিডিউল ব্যাংক হতে চুক্তি সম্পাদন জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত অথবা ০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/-(দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সমন্বয় করা যাবে;

১১। সিডিউল ব্যাংক হতে পণ্যের নিরাপত্তা জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ-৩০.০৯.২০২৪ খ্রি. পর্যন্ত) দাখিল করতে হবে অথবা ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত অথবা ০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/-(দুই লাখ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি মেয়াদ-৩০.০৯.২০২৪ খ্রি. পর্যন্ত) সমন্বয় করা যাবে;

১২। নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) প্রদানের পর নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যাম্প ও চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

১৩। খাদ্য অধিদপ্তরের ওয়েসাইট হতে আবেদনপত্র (ফরম এস-১) ও আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-২) ডাউনলোড করে পূরণপূর্বক জমা দিতে হবে;

চলমান পাতা-০২

১৪। মৃত্যুজনিত/অসুস্থ্যতাজনিত/ অন্যান্য কারণে যে সকল কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদারি (সিআরটিসি) প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে, সে সকল প্রতিষ্ঠানসমূহের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

**আবেদনের সাথে যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১)

০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)

০৩। জাতীয় পরিচয় পত্র;

০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;

০৫। ২০২২-২০২৩ কর বছরের আয়কর সনদ;

০৬। সদ্য তোলা পার্সপোর্ট আকারের ০১(এক) কপি রঙ্গিন ছবি;

০৭। ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অতীত দায়-দেনার হলফনামা (নোটারিকৃত/প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদানকৃত) (প্রযোজ্য ক্ষেত্রে);

০৮। চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)।

উপরোক্ত শর্ত সাপেক্ষে আগামী ০৮.১১.২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে বেলা-১২.০০ টা পর্যন্ত চাহিত কাগজ পত্রাদিসহ আবেদনপত্র চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বেলা-২.০০ ঘটিকায় আবেদনপত্র কারিগরি সাব কমিটি কর্তৃক যাচাই বাছাই করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক
ফোনঃ ০২-৪১০৫০৬৯৬

২২.১০.২০২৩

**স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৪৯.০০৮.২৩.৬৩ (১৩২০)** **তারিখ-২২.১০.২০২৩ খ্রি.**

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

০৩। মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলানগর, ঢাকা

০৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

০৫। পরিচালক, প্রশাসন/সবরি/হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

০৬। প্রধান মিলার, পোস্তগোলা আধুনিক সরকারি ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা

০৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসিদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৮। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), ঢাকা

০৯। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/সান্তাহার/আশুগঞ্জ/মোংলা সাইলো (সংশ্লিষ্ট সিআরটিসিদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

১০। সিনিয়র তথ্য অফিসার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তি, ফরম এস-০১ ও ফরম এস-০২ ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।)

১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),....(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসিদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

১৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম/খুলনা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন ও সংশ্লিষ্ট সিআরটিসিদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

১৪। ব্যবস্থাপক/ এসএন্ডএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .................

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার এসোসিয়েশন, ১৭/২, তোপখানা রোড, ঢাকা (সংশ্লিষ্ট সিআরটিসিদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

১৬। মেসার্স ............................, কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার, ........... ...........

১৭। নোটিশ বোর্ড;

১৮। অফিস কপি।

পরিচালক
ফোনঃ ০২-৪১০৫০৬৯৬

২২.১০.২০২৩

# আবেদনপত্র (ফরম এস-০১)

প্রাপকঃ

পরিচালক
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর,
১৬, আবদুল গণি রোড, ঢাকা

**বিষয়ঃ ............................. নং লটে নিয়োগের লক্ষ্যে কাগজপত্র দাখিল ও অঙ্গিকারনামা প্রদান**

সূত্রঃ বিজ্ঞপ্তি নং-১৩.০১.০০০০.০৮১.৪৯.০০৮.২৩- ৬৩(১৩২০) তারিখঃ২২.১০.২০২৩ খ্রি.

প্রিয় মহোদয়,

আপনার ২২.১০.২০২৩ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার ও তদসম্পর্কিত সেবার লট নম্বর-..... ............................... এর জন্য আহবানকৃত বিজ্ঞপ্তির বিষয়ে সম্যক জ্ঞাত হয়েছি।-এতদ্বারা আমি/আমরা/আমাদের বিজ্ঞপ্তি শর্ত মোতাবেক ০১.০১.২০২৪ খ্রি. হতে ৩০.০৬.২০২৪ খ্রি. পর্যন্ত সময়ের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহণ ঠিকাদার (সিআরটিসি) হিসেবে চুক্তিপত্র সম্পাদনের নিমিত্ত প্রদত্ত কাগজপত্র অত্রসাথ .................. কপি দলিল দাখিল করছি।

কর্তৃপক্ষ আমাদের নিগোসিয়েশনতব্য দরে কার্যাদেশ প্রদান করলে তা আমি/আমরা গ্রহণে বাধ্য থাকব এবং কার্যাদেশ প্রদান করলে পারফর্মেন্স সিকিউরিটি বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করব অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন/০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের চুক্তি সম্পাদন জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সমন্বয় করব। এছাড়া পণ্যের নিরাপত্তা জামানত বাবদ ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ-৩০.০৯.২০২৪ খি. পর্যন্ত) প্রদান করব অথবা ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন/০১.১০.২০১৯ খ্রি. হতে ৩০.০৬.২০২০ খ্রি. পর্যন্ত চুক্তিবদ্ধ ও বর্ধিত মেয়াদে কর্মকালীন সময়ের পণ্যের নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত ২,০০,০০০/- (দুই লাখ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি (মেয়াদ-৩০.০৯.২০২৪ খি. পর্যন্ত) সমন্বয় করব মর্মে প্রতিজ্ঞা করছি। আমার প্রতিষ্ঠানের ঠিকাদারি ক্রঃনং- ...............।

স্বাক্ষরঃ

মালিক/ব্যবঃ পরিচালক/ব্যবঃ অংশিদার
এর নামঃ

সংযুক্তঃ মোট পাতা

প্রতিষ্ঠানের নামঃ

প্রতিষ্ঠানের সিলঃ

তারিখঃ

**সংযুক্ত সত্যায়িত কাগজপত্রাদিঃ**

০১। আবেদনপত্র (ফরম এস-০১);
০২। আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২);
০৩। জাতীয় পরিচয়পত্র;
০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স;
০৫। ২০২২-২০২৩ কর বছরের আয়কর সনদ;
০৬। সদ্য তোলা পার্সপোর্ট আকারের ০১(এক) কপি রঙ্গিন ছবি;
০৭। ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অতীত দায়-দেনার হলফনামা
০৮। চুক্তি সম্পাদন জামানত এবং পণ্যের নিরাপত্তা জামানত সমন্বয় করা সংক্রান্ত আবেদন;

# আবেদনকারীর তথ্য সিট (ফরম এস-০২)

| | | |
|---|---|---|
| বিজ্ঞপ্তি নং | : | ১৩.০১.০০০০.০৮১.৪৯.০০৮.২৩. ৬৩(১৩২০) তারিখ-২২.১০.২০২৩ খ্রি. |
| চুক্তিবদ্ধ লট নম্বর | : | |

| | | |
|---|---|---|
| **১.০** | **ঠিকাদারের তথ্যাদি** | |
| ১.১ | কর্মরত লটের নম্বর | |
| ১.২ | আগ্রহী লটের নম্বর | |
| ১.৩ | মালিক/ব্যবঃ পরিচালক/ব্যবঃ অংশিদার এর স্থায়ী ঠিকানা | |
| ১.৪ | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও ব্যবসায়িক ঠিকানা | |
| ১.৫ | কোন তারিখ থেকে কর্মরত আছে/চুক্তির তারিখ ও প্রতিষ্ঠানের ক্রমিক নম্বর | |
| ১.৬ | জাতীয় পরিচয়পত্র নম্বর | |
| ১.৭ | ফোন নম্বর | |
| | মোবাইল নম্বর | |
| | ই-মেইল আইডি | |
| ১.৮ | হালনাগাদ ট্রেড লাইসেন্স এর তথ্য (মেয়াদ) | |
| | | |

ঠিকাদারের স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠানের সিলঃ